

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
পার-২ শাখা  
[www.mefwd.gov.bd](http://www.mefwd.gov.bd)

নম্বর : ৫৯.০০.০০০০.১১০.১৩.০০৪.১৮-২৬২

তারিখ : ০২ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ  
১৭ জুলাই ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয় : পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অবসরপ্রাপ্ত 'উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসারের' চাকুরী স্থায়ীকরণ ও পেনশন এবং  
গ্রাচুইটি মঞ্জুরির প্রক্রিয়া পুনরায় শুরু করা প্রসংগে।


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে পরিবার পরিকল্পনা অধিদপ্তরধীন রাজশাহী জেলার চারঘাট পরিবার পরিকল্পনা অফিস এর  
অবসরপ্রাপ্ত উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার জনাব আব্দুল মালেক কর্তৃক চাকুরী স্থায়ীকরণ ও পেনশন এবং গ্রাচুইটি  
মঞ্জুরির প্রক্রিয়া পুনরায় শুরু করার বিষয়ে আবেদনপত্রটি এতদসংগে প্রেরণ করা হ'ল। উক্ত আবেদনের প্রেক্ষিতে নিম্নবর্ণিত কার্যক্রম  
গ্রহণ করা যেতে পারে :

- (ক) উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসারের হিসেবে যারা ইতোমধ্যে ৫৯ বছর পূর্ণ করেছেন বা শীঘ্রই পূর্ণ করবেন  
তাদের পদ/চাকুরী স্থায়ী না হয়ে থাকলে মন্ত্রিপরিষদ বিভাগের গত ০৩.০৫.২০০৩ খ্রি: তারিখের ১১১ নম্বর আদেশের  
আলোকে জরুরিভিত্তিতে কার্যক্রম গ্রহণ ;
- (খ) অবসর আইন, বিধিমালা ও পেনশন গ্রাচুইটি মঞ্জুরির বিধি-বিধানের আলোকে 'উপসহকারী কমিউনিটি মেডিকেল  
অফিসারদের' পেনশন গ্রাচুইটি মঞ্জুরের পক্ষে ইতিবাচক সিদ্ধান্ত নেয়া যায় কিনা তা পরীক্ষা-নিরীক্ষা করে প্রয়োজনীয়  
কার্যক্রম গ্রহণ।

২। এমতাবস্থায়, উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসারদের' পেনশন গ্রাচুইটি মঞ্জুরের বিষয়ে জরুরিভিত্তিতে বিধিমোতাবেক  
কার্যক্রম গ্রহণ/সম্পন্ন করতে নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

সংযুক্তি : বর্ণনামতে।

মহাপরিচালক  
পরিবার পরিকল্পনা অধিদপ্তর  
৬ কাওরান বাজার, ঢাকা।

  
(ফোজিয়া খান)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ০২-৯৫৪০৬৫৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।  
✓ ২। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (আদেশটি মন্ত্রণালয়ের  
ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হ'ল)।  
৩। অতিরিক্ত সচিব (প্রশাসন/জনসংখ্যা ও পরিবার কল্যাণ ও আইন) এর ব্যক্তিগত কর্মকর্তা,  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।  
৪। মুদ্র সচিব (প্রশাসন/পার) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ,  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।  
৫। জনাব আব্দুল মালেক, উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার, চারঘাট পরিবার পরিকল্পনা অফিস, রাজশাহী।